ভোরের কাগজ

১৮/১২/২০০৩

তারিখ ...................

পৃষ্ঠা ..৬.. কলাম ..৩......

# চট্টগ্রাম মহানগরীতে আরো সাতটি কলেজ, ১৫টি স্কুল ও ছয়টি কম্পিউটার কলেজ স্থাপনের সিদ্ধান্ত

চট্টগ্রাম অফিস : সিটি কর্পোরেশন চট্টগ্রাম মহানগরীতে নতুন আরো সাতটি কলেজ, ১৫টি স্কুল ও ছয়টি কম্পিউটার কলেজ স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

গত শনিবার সিটি কর্পোরেশনের শিক্ষা স্ট্যান্ডিং কমিটির এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সিটি মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী বলেন, মহানগরীতে জনসংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠান অপ্রতুল। তাই অনেকেই শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তিনি জনসংখ্যার আনুপাতিক হারে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার উপর গুরুত্বারোপ করে আগামীতে সাতটি নতুন কলেজ, ১৫টি স্কুল ও ছয়টি কম্পিউটার কলেজ স্থাপনের জন্য কর্মপরিকল্পনা ও এর বাজেট প্রণয়নের আহ্বান জানান। মেয়র বলেন শিক্ষার ক্ষেত্রে বর্তমানে মহানগরীতে ইতিবাচক পরিবেশ সৃষ্টি হয়েছে এবং সভায় আগামী জানুয়ারি, কর্পোরেশনের উদ্যোগে প্রতিষ্ঠিত প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চালুর সিদ্ধান্ত নেওয়া হয়।